গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, মাগুরা ৭৬০০
bfsa.magura.gov.bd

## শালিখা উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি'র মার্চ, ২০২৩ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা
সভার তারিখ : ২২ মার্চ, ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শালিখা, মাগুরা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সকল সদস্যদের সাথে পরিচয়পর্ব সম্পন্ন করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জেলা নিরাপদ খাদ্য আফিসার, মাগুরা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি মহোদয় বলেন ' নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য খাদ্য ব্যবসায়ী, খাদ্যকর্মী, ভোক্তা সহ সকল প্রতিষ্ঠানকে সচেতন হতে হবে।' এছাড়া খাদ্য প্রতিষ্ঠানের বিভিন্ন অব্যবস্থাপনা নিয়ে আলোচনা করেন এবং তা প্রতিরোখে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

আলোচ্যসূচি: ০১
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম সম্পর্কে জেলা নিরাপদ খাদ্য অফিসার সকলকে অবহিত করেন। তিনি জানান নিয়মিত হোটেল-রেস্তোরা, কাঁচা বাজার ও খাদ্যস্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয় এবং মনিটরিং কার্যক্রমের প্রতিবেদন প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করা হয়। জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন, নিয়মিত উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন করা হয়। নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে মাসিক সভার আয়োজন করা হয়। সদর উপজেলার জনপ্রতিনিধিদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ে সেমিনারের আয়োজন করা হয়েছে। এছাড়াও নিয়মিত উঠান বৈঠক ও কর্তৃপক্ষের কার্যাবলি লিফলেট বিতরনের মাধ্যমে প্রচার করা হচ্ছে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম আরও ব্যাপক পরিসরে বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা। |

আলোচ্যসূচি: ০২
**খাদ্যর নিরাপদতা আনয়নের নিমিত্তে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম গ্রহণ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| খাবারের নিরাপদতা রক্ষায় জনগণকে সচেতন করার লক্ষ্যে খাদ্য ব্যবসায়ী ও ভোক্তাদের মধ্যে লিফলেট বিতরণ করতে হবে ও বিলবোর্ড, ফেস্টুন এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার প্রচারণা কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিত লিফলেট বিতরণ কার্যক্রম বিলবোর্ড স্থাপন, ফেস্টুন এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার প্রচারণা কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা। |

আলোচ্যসূচি: ০৩

**শিক্ষার্থীদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক কর্মসূচির আয়োজন :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণে শালিখা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত নিরাপদ খাদ্য বিষয়ক কর্মসূচি আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণে শালিখা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত নিরাপদ খাদ্য বিষয়ক কর্মসূচি আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা। |

আলোচ্যসূচি: ০৪

**ইফতার প্রস্তুতকারী খাদ্যকর্মীদের নিরাপদ ইফতার তৈরি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদান :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| শালিখা উপজেলার ইফতার প্রস্তুতকারী খাদ্যকর্মীদের নিরাপদ ইফতার তৈরি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ ( পুষ্টিকর ইফতার প্রস্তুতকরণ, প্রক্রিয়াকরণ এবং পরিবেশনের সময় করণীয় ও বর্জনীয় বিষয়সমূহ, পোকামাকড়-কীটপতঙ্গ নিয়ন্ত্রণ পদ্ধতি সমূহ ) প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | শালিখা উপজেলার ইফতার প্রস্তুতকারী খাদ্যকর্মীদের ধাপে ধাপে নিয়মিত নিরাপদ ইফতার তৈরি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৩/২৩

জনাব ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা
ও
সভাপতি
শালিখা উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

স্মারক নম্বর: ১৩.০২.৫৭০০.০০০.০৬.০১০.২২.

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ / ২২ মার্চ ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর ) ভবন-২ (লেভেল-৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
৩। সদস্য( সকল ), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর ) ভবন-২ (লেভেল-৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
৪। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর ) ভবন-২ (লেভেল- ৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
৫। জেলা প্রশাসক, মাগুরা
৬। সদস্য (সকল).......................................................
শালিখা উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি
৭। অফিস কপি

22/03/2023

( মো: রিয়াজ মাহমুদ )
নিরাপদ খাদ্য অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, মাগুরা
ফোনঃ ০১৬০১-২৫২৫০৩
ইমেইলঃ fso.meherpur@bfsa.gov.bd
ও
সদস্য সচিব
শালিখা উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি